# এক নজরে বীজ প্রত্যয়ন এজেন্সীর কার্যক্রম

**ভূমিকা :**

কৃষিপ্রধান জনবহুল রাষ্ট্রে বীজের গুণগত মান ও মানসম্পন্ন বীজ নিশ্চিতকরণের লক্ষ্যে ১৯৭৪ সালের ২২ জানুয়ারি বীজ অনুমোদন সংস্থা প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ১৯৮৬ সালে বীজ প্রত্যয়ন এজেন্সী নামকরণ করা হয়। সরকারি ও বেসরকারি পর্যায়ে উৎপাদিত ও বাজারজাতকৃত নোটিফাইড ফসলের বীজ প্রত্যয়নের (মাঠমান ও বীজমান নিশ্চিতপূর্বক) পাশাপাশি নন-নোটিফাইড ফসলের বীজমান নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। দেশে বীজ ফসলের জাত পরীক্ষাপূর্বক ছাড়করণ/নিবন্ধন থেকে শুরু করে মাঠ পরিদর্শন ও প্রত্যয়ন, পরীক্ষাগারে ও কন্ট্রোল ফার্মে বীজের মান পরীক্ষণ, প্রত্যয়ন ট্যাগ ইস্যুকরণ, মার্কেট মনিটরিং এবং মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে মান নিয়ন্ত্রন, বীজ আইন-২০১৮ এবং বীজ বিধিমালা-২০২০ লংঘনকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণসহ বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে।

**বীজ প্রত্যয়ন এজেন্সীর কার্যাবলি :**

বীজ আইন, ২০১৮ এর ১৩নং অনুচ্ছেদ অনুযায়ী বীজ প্রত্যয়ন এজেন্সীর কার্যাবলী নিম্নরূপ:

ক) বীজ উৎপাদকগণকে বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ এবং মান নিয়ন্ত্রন সম্পর্কে পরামর্শ প্রদান

খ) নিম্ন ফলনশীল অথবা রোগ ও পোকামাকড় সংবেদনশীল হইবার কারণে কোনো জাতের ছাড়করণ বা নিবন্ধন প্রত্যাহারের জন্য বোর্ডকে পরামর্শ প্রদান

গ) বাজারজাতকৃত বীজের মান নিয়ন্ত্রনের উদ্দেশ্যে বীজ পরীক্ষা ও পরিদর্শন

ঘ) লেভেল বা চিহ্নযুক্ত বীজের নমুনা সংগ্রহপূর্বক যথাযথ পরীক্ষার মাধ্যমে উহাদের ঘোষিত মানের সঠিকতা যাচাইকরণ

ঙ) বীজের উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও মান নিয়ন্ত্রন সংক্রান্ত তথ্য এবং উপাত্ত সংগ্রহ

চ) নিয়ন্ত্রিত বীজের প্রজনন বীজ, প্রত্যায়িত বীজ এবং ভিত্তি বীজ প্রত্যয়ন

ছ) সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের বীজ প্রত্যয়ন

জ) নিয়ন্ত্রিত ফসলের জাত মূল্যায়ন ও ছাড়করণ প্রক্রিয়ার সমন্বয় সাধন

ঝ) কৃষক পর্যায়ে উন্নত বীজের ব্যবহার বৃদ্ধির জন্য সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানকে সহায়তা প্রদান এবং

ঞ) এই আইনের বিধানাবলীর যথাযথ প্রয়োগ কার্যকর করা এবং উহা লঙ্ঘনকারী ব্যক্তির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ।

## বীজ বিধিমালা ২০২০ অনুযায়ী রাজস্ব ফি (চালানের প্রাতিষ্ঠানিক কোড-১৪৩০৩, সংস্থা- বীজ প্রত্যয়ন এজেন্সী)

| ক্রম | বিবরণ | পুনঃনির্ধারিত ফি | চালান কোড |
|---|---|---|---|
| ০১ | বীজ ডিলার নিবন্ধন ফি | ২,০০০/- (০৫ বছরের জন্য) | ১-৪৩৩৮-০০০-২৬৮১ |
| ০২ | বীজ ডিলার নবায়ন ফি | ২,০০০/- (০৫ বছরের জন্য) | ১-৪৩৩৮-০০০-২৬৮১ |
| ০৩ | বীজ ডিলার নবায়ন বিলম্ব ফি (মেয়াদ উত্তীর্ণ ০৩ মাস হলে) | ৫০০/- | ১-৪৩৩৮-০০০-২৬৮১ |
| ০৪ | বীজ প্রত্যয়ন আবেদন ফি | ২০০/- | ১৪২২৩২১ (এ চালান) |
| ০৫ | বীজ প্রত্যয়ন নিমিত্ত ট্যাগ ফি (ট্যাগ প্রতি) | ২.০০/- | ১৪২২৩২১ (এ চালান) |
| ০৬ | DUS বীজ পরীক্ষা ফি | ৩,০০০/- | ১৪২২৩২৯ (এ চালান) |
| ০৭ | অনিয়ন্ত্রিত ফসলের জাত নিবন্ধন ফি | ১,০০০/- | |
| ০৮ | নমুনা বীজ -এর পরীক্ষা ফি | বিশুদ্ধতা পরীক্ষা ২৫/-<br>আদ্রতা পরীক্ষা ফি-২৫/-<br>অঙ্কুরোদগম পরীক্ষা ফি-৫০/- | ১৪২২৩২৯ (এ চালান) |
| ০৯ | নমুনা বীজ -এর পুনঃপরীক্ষা ফি (লট প্রতি) ও আপিল নিষ্পত্তি (প্রতি ক্ষেত্রে) | ৫০০/- | ১৪২২৩২৯ (এ চালান) |
| ১০ | ভ্যাট | @১৫% | ১-১১৩৩-০০০১-০৩১১ |

[redacted]

## বীজ প্রত্যয়ন, লট অফার ও নমুনা সংগ্রহ কার্যক্রমের সময়সূচিঃ

| ক্রম | প্রতিবেদনের বিষয় | ধান | | | গম | পাট,মেস্তা, ও কেনাফ | নাবী পাট,মেস্তা, ও কেনাফ | আলু | আখ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | আউশ | আমন | বোরো | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ম | বীজ প্রত্যয়ন আবেদনপত্র এবং বপন বা রোপণ পূর্ব তথ্য দাখিলের শেষ সময় | ৩০এপ্রিল | ৩০জুন | ৩১ ডিসেম্বর | ১৫ নভেম্বর | ১৫এপ্রিল | ৩১ জুলাই | ৩১ অক্টোবর | ৩১ ডিসেম্বর |
| ২য় | বপন বা রোপণ সমাপ্তি তথ্য দাখিলের শেষ সময় | ৩১ মে বা বপন বা রোপণের ৭ দিনের মধ্যে | ৩১ আগষ্ট বা বপন বা রোপণের ৭ দিনের মধ্যে | ২৫ ফেব্রুয়ারী বা বপন বা রোপণের ৭ দিনের মধ্যে | ৩১ ডিসেম্বর বা বপন বা রোপণের ৭ দিনের মধ্যে | ৩১ মে বা বপন বা রোপণের ৭ দিনের মধ্যে | ৩০ সেপ্টেম্বর বা বপন বা রোপণের ৭ দিনের মধ্যে | ১৫ ডিসেম্বর বা বপন বা রোপণের ৭ দিনের মধ্যে | ২৮ ফেব্রুয়ারী বা বপন/ রোপণের ৭ দিনের মধ্যে |
| ৩য় | ফুল আসার পরের বা আলুর ক্ষেত্রে হাম কিলিং/হাম পুলিং করার পূর্বের তথ্য দাখিলের শেষ সময় | ৫০% ফুল আসার ৭ দিনের মধ্যে | ৫০% ফুল আসার ৭ দিনের মধ্যে | ৫০% ফুল আসার ৭ দিনের মধ্যে | ৫০% ফুল আসার ৭ দিনের মধ্যে | ৫০% ফুল আসার ৭ দিনের মধ্যে | ৫০% ফুল আসার ৭ দিনের মধ্যে | হাম পুলিং করার ৭ দিনের মধ্যে | ৩০ সেপ্টেম্বর |
| ৪র্থ | ফসল কর্তনের পর সংরক্ষণ করার তথ্য দাখিলের শেষ সময় | ৩০ সেপ্টেম্বর | ২৮ ফেব্রুয়ারী | ১৫ আগষ্ট | ৩১ মে | ১৫ জানুয়ারী | ১৫ ফেব্রুয়ারী | ৩১ মার্চ | ৩০ নভেম্বর |
| ৫ম | বীজ লট অফার করার ও নমুনা সংগ্রহের সময়সীমা | ১৫- ৩১ জানুয়ারী | ০৫মার্চ - ৩০ এপ্রিল | ০৫ আগষ্ট-৩০ সেপ্টেম্বর | ১-৩০ সেপ্টেম্বর | ০১ জানুয়ারী-২৮ ফেব্রুয়ারী | ০১ জানুয়ারী- ২৮ ফেব্রুয়ারী | ১৫সেপ্টেম্বর - ৩১ অক্টোবর | ১৫ নভেম্বর - ১৫ ডিসেম্বর |

## জেলা বীজ প্রত্যয়ন অফিসের কার্যক্রম

১. নিয়ন্ত্রিত ফসলের মৌল, ভিত্তি ও প্রত্যায়িত বীজ প্রত্যয়ন প্রদান।

২. উৎপাদিত বীজ ফসলের মাঠমান ও বীজমান নিশ্চিত করা।

৩. পরীক্ষিত মানসম্পন্ন বীজের ট্যাগ সংগ্রহ, মজুদ ও সরবরাহ নিশ্চিত করা।

৪. প্রস্তাবিত নতুনজাত ছাড়করণ ও নিবন্ধনের জন্য ফিল্ড ট্রায়েল প্লট স্থাপন এবং তদারকি করা।

৫. মিনি বীজ পরীক্ষাগারের মাধ্যমে বীজ নমুনার বিশুদ্ধতা, অংকুরোদক্ষমতা ও আদ্রতা পরীক্ষা করা।

৬. বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র ও বীজ ডিলারের দোকান থেকে প্রাপ্ত বীজের নমুনার সংশ্লিষ্ট বীজ পরীক্ষাগারে প্রেরণ করা।

৭. বীজ আইন, বিধি বা এ সংক্রান্ত কোন কার্যক্রম যথাযথ প্রয়োগ এবং লঙ্ঘনকারীর বিরুদ্ধে বীজ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা।

৮. বীজ ফসলের মাঠ, বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র ও বীজ ডিলারের দোকান পরিদর্শন করা।

৯. ভেজাল বীজ বাজরজাতকরণ প্রতিরোধ ও প্রতিকারে মার্কেট মনিটরিং ও মোবাইল কোর্ট পরিচালনা করা।

১০. মান ঘোষিত বীজের নমুনার সংগ্রহ করা ও যথাযথ পরীক্ষার মাধ্যমে উৎপাদনকারীর ঘোষিত মান যাচাই করা।

১১. বীজ নমুনার বিশুদ্ধতা, অংকুরোদক্ষমতা ও আদ্রতা পরীক্ষার ফলাফল সংশ্লিষ্টদের অবহিত পূর্বক ব্যবস্থা গ্রহণ করা।

১২. বীজ উৎপাদকগণকে বীজের উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ এবং মান নিয়ন্ত্রণ বিষয়ে পরামর্শ প্রদান করা।

১৩. কৃষক পর্যায়ে মানসম্পন্ন বীজের ব্যবহার বৃদ্ধির জন্য সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানকে সহায়তা প্রদান করা।

১৪. জাতীয় বীজ বোর্ডের ব্যবহার এর জন্য বীজের উৎপাদন প্রক্রিয়াজাতকরণ এবং মান নিয়ন্ত্রণ সংক্রান্ত তথ্য এবং উপাত্ত সংগ্রহ করা।

১৫. বীজ উৎপাদকগণ ও বীজ ডিলারগণের প্রশিক্ষনের ব্যবস্থা করা।

১৬. বীজ ব্যবসায়ী ও বীজ ব্যবসার উদ্যোক্তাদের বীজ প্রত্যয়ন কার্যক্রমের জন্য প্রযুক্তি সহায়তা প্রদান।


**জেলা বীজ প্রত্যয়ন অফিসারের কার্যালয়**

**বীজ প্রত্যয়ন এজেন্সী**

[redacted], খুলনা।